খাতওয়ারী আগস্ট ২০১৭ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

১। **সর্বমোট অর্জন**। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী আগস্ট ২০১৭ এ সর্বমোট **২২০ কোটি ৯৩ লক্ষ ৮৬ হাজার ৬০০ টাকার** সাফল্য অর্জন করে।

২। **চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য।** চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট **১২ কোটি ১১ লক্ষ ৭৮ হাজার ০০০ টাকার** অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
চোরাচালান পণ্য			
১।	বার্থিং হাউজার	১,০৭০ মিটার	৯,২০,০০০/০০
২।	ডিজেল/অকটেন/পাম্প অয়েল/ঢালাই তেল	১১,২০০ লিটার	৭,৮২,০০০/০০
৩।	শাড়ি/ থ্রি পিস	৪২১ পিস	১৮,৯২,৫০০/০০
৪।	পাংগাস পোনা	৮৭০ কেজি	৩,০৪,৫০০/০০
৫।	কাঁকড়া	৫২০ কেজি	২,৬০,০০০/০০
৬।	গরু	০৮ টি	৩,২০,০০০/০০
৭।	অন্যান্য (মোবাইল, ভারতীয় চা পাতা, মার্গো সাবান, বিট লবণ, চারু)	-	১,০৯,৪০০/০০
অস্ত্র উদ্ধার			
১।	অস্ত্র	০৭ টি	-
২।	তাজা গোলা	১৯ রাউন্ডস	-
৩।	ব- াংক কার্তিজ	২৩ রাউন্ডস	
৪।	রামদা	০২ টি	-
মাদকদ্রব্য			
১।	ইয়াবা	৩,০৭,৮৬৯ পিস	১৫,৩৯,৩৪,৫০০/০
২।	মায়ানমার সিগারেট	৫০,০০০ শলাকা	১,০০,০০০/০০
৩।	বিভিন্ন ধরনের বিয়ার	১,৩২১ ক্যান	৬,৮৪,০০০/০০
বনজ সম্পদ			
১।	বিভিন্ন প্রকার কাঠ	২,৪৭৯ ঘনফুট	৭৩,১২,০০০/০০
পরিবেশ রক্ষা			
১।	পলিথিন	৭৬,৫৩০ কেজি	১,১৭,৯৪,৫০০/০০
আটককৃত বাহন			
১।	বোট/ ট্রাক/অয়েল ট্যাংকার	১১ টি	৬৩,৯৫,০০০/০০
আটককৃত জনবল			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	১০ জন	-
উদ্ধার অভিযান			
১।	জেলে/যাত্রী উদ্ধার	১৩ জন	-
২।	অপহৃত বিপন্ন জেলে উদ্ধার	১৭ জন	-
৩।	অপহৃত বোট উদ্ধার	০৫ টি	-
		সর্বমোট	**১৮,৪৮,০৮,৪০০/০০**

৩। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান**। মৎস্য সম্পদ রক্ষা অভিযানে আগস্ট ২০১৭ মাসে সর্বমোট **২০২ কোটি ৪৫ লক্ষ ৭৮ হাজার ২০০ টাকার** ৪,৯৩,৯২,৩২০ মিটার কারেন্ট জাল, ৪৪৫ পিস বেহুন্দি/ মশারি জাল, ৩৩,৩২,৮০০ মিটার, ১৫০ কেজি জাটকা, ১,৬০,২৮০ পিস রেনু পোনা আটক করা হয়।

৪। **রোহিঙ্গা অনুপ্রবেশ রোধ**। সম্প্রতি মায়ানমারের বর্ডার গার্ড পুলিশ ও রোহিঙ্গাদের মধ্যে সৃষ্ট অস্থিরতার প্রেক্ষিতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর স্টেশান টেকনাফ, সেন্টমার্টিন্স ও আউটপোস্ট শাহপুরীতে অতিরিক্ত জনবল মোতায়েন করা হয়েছে। পাশাপাশি

উক্ত স্থানসমূহে সর্বোচ্চ প্রস্তুতি অবলম্বনের মাধ্যমে সার্বক্ষনিক বিশেষ টহল চলমান রয়েছে। এছাড়াও, কোস্ট গার্ড বহরে সদ্য সংযোজিত লিডার ক্লাস অফশোর পেট্রোল ভেসেল (ওপিভি) সমূহ এ কার্যক্রমে নিয়োজিত রয়েছে। কোস্ট গার্ড বাহিনী দায়িত্বপূর্ণ এলাকায় টহল জোরদার করেছে এবং উক্ত এলাকায় অবৈধ অনুপ্রবেশকারীদের গতিবিধির উপর কঠোর নজরদারি বজায় রেখে অবৈধ অনুপ্রবেশ রোধ করা হচ্ছে। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী আগস্ট ২০১৭ মাসে মোট ৮৫৫ জন মায়নমার নাগরিক (রোহিঙ্গা) ও ২৩ টি বোট বিজিবির কাছে হস্তান্তর করা হয় এবং পরবর্তীতে সুবিধাজনক সময়ে মায়ানমারে ফেরত পাঠানো হবে।

৫। **ডাকাতদলের বিরুদ্ধে বিশেষ অভিযান**। গত ১৪-১৬ আগস্ট ২০১৭ তারিখে সিজি বেইস মংলা, স্টেশান সুপতি , স্টেশান হারবারিয়া, স্টেশান কোকিলমনি এবং আউটপোস্ট কচিখালী কর্তৃক বড়মিয়া বাহিনীর বিরুদ্ধে বিশেষ অভিযান পরিচালনা করেন। গোপন সংবাদের মাধ্যমে জানা যায় যে, সুন্দরবনের হরিণটানা এলাকা হতে কয়েকজন মুক্তিপণের দাবিতে ডাকাত কর্তৃক অপহরণ করা হয়। উক্ত সংবাদের প্রেক্ষিতে ডাকাত আটক ও জেলে উদ্ধারের লক্ষে হরিণটানা খালে তলণ্ঢাশি করতে থাকে। এক পর্যায়ে পরিণটানা খালের ভিতরে একটি বোটের উপস্থিতি বুঝতে পেরে অভিযান দল তলণ্ঢাশির উদ্দেশ্যে সামনের দিকে অগ্রসর হয়। ডাকাত দল কোস্ট গার্ড বাহিনীর উপস্থিতি টের পেয়ে বোটটিকে বিচিং করে জঙ্গলের দিকে পালিয়ে যায় এবং কোস্ট গার্ড বাহিনীর বোটের দিকে লক্ষ্য করে গোলা ছুড়তে থাকে। টহলদল ডাকাত আটকের নিমিত্তে বিভিন্ন সময়ে ০২ রাউন্ড বণ্টাংক কার্টিজসহ ১১ রাউন্ড তাজা গোলা ফায়ার করে। এক পর্যায়ে ডাকাতদলের পক্ষ হতে আর কোন গোলা বর্ষণ না হওয়ায় টহলদল সতর্কার সাথে বোটের নিকট গমন করে ডাকাতের বোটসহ ১৩ টি মোবাইল সেট, ০৯ রাউন্ডস তাজা গোলা ও ২৩ রাউন্ড বণ্টাংক কার্টিজ জব্দ করে। পরবর্তীতে ঘটনাস্থলের নিকটবর্তী স্থানসমূহে তলণ্ঢাশি শুরু করলে ঘটনাস্থলের অদূরে কয়েকজন চিৎকার করে সাহায্য প্রার্থনা করলে টহলদল সতর্কতার সাথে ০৪ জনকে উদ্ধার করে তাদের সাথে কথা বলে জানা যায় তারা স্থানীয় জেলে এবং মাছ ধরার সময় বড় মিয়া বাহিনী তাদেরকে অপহরণ করেছিল। সিজি স্টেশান সুপতি কর্তৃক উদ্ধারকৃত ০৪ জন জেলেসহ ডাকাতের বোট ও গোলা শরণখোলা থানায় হস্তান্তর করা হয় এবং উদ্ধারকৃত জেলেদের শরণখোলা থানার মাধ্যমে তাদেরকে আত্নীয় স্বজনদের নিকট হস্তান্তর করা হয়।

৬। **বিপন্ন জেলে উদ্ধার অভিযান**। গত ৩১ আগস্ট ২০১৭ তারিখে আনুমানিক ১৪০০ ঘটিকার সময় সিজি স্টেশান কোকিলমনি দৈনিক রুটিন টহল পরিচালনাকালে স্থানীয় জেলেদের মাধ্যমে জানতে পারে, সুন্দরবনের কোকিলমনি এলাকায় নীলবাড়িয়া খালে ০৬ জন জেলেকে মুক্তিপণের দাবিতে বড়ভাই বাহিনী কর্তৃক অপহরণ করা হয়। উক্ত সংবাদের ভিত্তিতে ডাকাতদলকে আটক ও জেলেদের উদ্ধারের লক্ষে সিজি স্টেশান কোকিলমনি এর টহল দল আনুমানিক ১৫০০ ঘটিকায় নীলবাড়িয়া খালে গমনকালে হঠাৎ করে কোস্ট গার্ড বাহিনী টহল টিমকে উদ্দেশ্যে করে খালের ভিতর থেকে ডাকাত দল ০৩ রাউন্ড গুলি করে। সঙ্গে সঙ্গেই কোস্ট গার্ড বাহিনী টহল দল প্রথমে ০৩ রাউন্ড বণ্টাংক কার্টিজ এবং ০৩ রাউন্ড তাজা গোলা একই সময়ে ফায়ার করে। কোস্ট গার্ড বাহিনী টহল দলের গুলি করার পর ডাকাত দল ০৬-০৭ জন বড় বোট থেকে লাফিয়ে জঙ্গলের দিকে পালিয়ে যায়। পরবর্তীতে বোট থেকে ০২-০৩ জন সরু উচু করে তারা জেলে পরিচয় দিয়ে চিৎকার করতে থাকে। কোস্ট গার্ড বাহিনী টহল দল সতর্কতার সাথে জেলেদের দিকে অগ্রসর হয় এবং বোটটি তলণ্ঢাশি করার পর জঙ্গলের ভিতরে অগ্রসর হয়ে কোন কিছু না পেয়ে বোটে ফিরে আসে। অতঃপর সরু খালের জঙ্গলের ভিতর থেকে ০৬ জন জেলে ও একটি বোট উদ্ধার করা হয়। উদ্ধারকৃত জেলেদেরকে মোংলা থানার মাধ্যমে দাতের আত্নীয় স্বজদের কাছে হস্তান্তর এবং বোটটি মোংলা থানায় হস্তান্তর করা হয়।

৭। **বিশেষ অভিযান**। গত ০৪ আগস্ট ২০১৭ তারিখে সিজি স্টেশান কক্সবাজার কর্তৃক সোনাদিয়া চর এলাকায় বিশেষ অভিযান পরিচারনা করেন। উক্ত অভিযানে ০১ টি পাইপ গান, ০২ টি শর্ট গান ও ০২ টি রামদা আটক করা হয়।

৮। **অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবীদের পরিসংখ্যান**। আগস্ট ২০১৭ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবী আটক করা হয় নাই।